

যুগান্তর

সুজানগরে এইচএসসি পরীক্ষা

৩৬ পরীক্ষার্থীর প্রবেশপত্র আটকে রেখেছেন অধ্যক্ষ

প্রকাশ : ২৫ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



সুজানগর (পাবনা) প্রতিনিধি

সুজানগরে এইচএসসি পরীক্ষার্থীর পরীক্ষা অনিশ্চিত হয়ে পড়েছে। তাদের দাবি, পরীক্ষা শুরুর আগেই রাজশাহী মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড বিষয়টি দ্রুত সমাধান করবে। এ নিয়ে বোর্ডের চেয়ারম্যান বরাবর এক আবেদনের প্রেক্ষিতে জানা যায়, সুজানগর উপজেলার ডা. জহুরুল কামাল কলেজের ২০১৮ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে এমন ৩৬ শিক্ষার্থীর প্রবেশপত্র এখনও হাতে পায়নি। অভিযোগকারী শিক্ষার্থীরা জানায়, বোর্ড থেকে প্রবেশপত্র ইস্যু করা হলেও কলেজ অধ্যক্ষ আবদুল লতিফ ওই ৩৬ শিক্ষার্থীর প্রবেশপত্র আটকে রেখেছেন। ফলে তারা এবারের এইচএসসি পরীক্ষা ২০১৮ সালে অংশগ্রহণের সুযোগ হারাচ্ছে। বোর্ড কর্তৃক যথাসময়ে ওই শিক্ষার্থীদের প্রবেশপত্র পাঠানো হয়েছে। এ বিষয়ে অধ্যক্ষ আবদুল লতিফ জানান, ওই ৩৬ শিক্ষার্থীকে পরীক্ষার সুযোগ দেয়া হলে প্রত্যেকেই অকৃতকার্য হবে। কারণ তাদের প্রত্যেকেই নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।